

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন

২৩-২৪, কাওরান বাজার

তেজগাঁও, ঢাকা-১২১৫।

www.bfdc.gov.bd

বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশনের নৈতিকতা কমিটির ২৭ ডিসেম্বর ২০২১ তারিখ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

| | | |
|-------------------|---|--|
| সভাপতি | : | মোহাম্মদ খুরশীদ আলম পরিচালক (ক্রয় ও বিপণন) ও সভাপতি, নৈতিকতা কমিটি, বামউক, ঢাকা; |
| সভার তারিখ ও সময় | : | ২৭ ডিসেম্বর ২০২১; সকাল ১১.০০ ঘটিকা; |
| সভার স্থান | : | পরিচালক (ক্রয় ও বিপণন) এর দপ্তর। |

সভায় উপস্থিত কর্মকর্তাদের তালিকা সংযুক্ত (পরিশিষ্ট ক)।

- ০২। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অত্র কর্পোরেশনের যুগ্ম পরিচালক ও শুদ্ধাচার বিষয়ক বিকল্প ফোকাল পয়েন্ট জনাব মুহাম্মদ হারুন অর রশীদ আলোচ্য বিষয়সমূহ সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, কর্পোরেশনের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর জুলাই-সেপ্টেম্বর (১ম প্রান্তিক) ত্রৈমাসিকের লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যক্রম যথাযথ সম্পন্ন করা হয়েছে। তিনি আরো জানান যে, কর্পোরেশনের শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর অক্টোবর-ডিসেম্বর পর্যন্ত এর বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন ওয়েবসাইটে আপলোডসহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। এছাড়া কর্পোরেশনের নারীবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করার লক্ষ্যে নারীদের জন্য পৃথক ওয়াশরুম এবং নির্মাণের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা যেতে পারে। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে একমত পোষণ করেন।
- ০৩। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়;
- (১) কর্পোরেশনের ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিকের বাস্তবায়ন অগ্রগতি ওয়েবসাইটে আপলোডসহ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণের অনুমোদন করা হলো।
 - (২) কর্পোরেশনের নারী কর্মচারীদের জন্য পৃথক ওয়াশরুম নির্মাণ নিশ্চিত করতে হবে।


২৭/১২/২০২১

মোহাম্মদ খুরশীদ আলম
পরিচালক (ক্রয় ও বিপণন)

ও

সভাপতি

জাতীয় শুদ্ধাচার সংক্রান্ত নৈতিকতা কমিটি